

তারিখ: ২৫.১০.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## ক্যাম্পার থেকে বাঁচতে প্রয়োজন প্রারম্ভিক শনাক্তকরণ ও সচেতনতা: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রামে ক্যাম্পার চিকিৎসায় সূচিত হলো নতুন এক অধ্যায়। এসপেরিয়া হেলথ কেয়ার লিমিটেডের উদ্যোগে হোটেল পেনিনসুলায় আয়োজিত “ব্রেস্ট ক্যাম্পার সচেতনতা এবং নির্ভুল অনকোলজির ভবিষ্যৎ” শীর্ষক সেমিনারে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় “ফ্যামিলি ক্যাম্পার সেন্টার”। এর মাধ্যমে ক্যাম্পার চিকিৎসায় চট্টগ্রাম পেলো আধুনিক ও নির্ভুল চিকিৎসা প্রযুক্তির নতুন দিগন্ত। শনিবার সেমিনারের প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, “চট্টগ্রামবাসীর উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করতে বেসরকারি খাতের এই ধরনের উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। ক্যাম্পার এখন বিশ্বব্যাপী ভয়াবহ এক স্বাস্থ্যঝুঁকি। ‘ফ্যামিলি ক্যাম্পার সেন্টার’-এর মতো আধুনিক



জেনেটিক ও মলিকুলার ক্যাম্পার সেন্টার চট্টগ্রামে চিকিৎসা সেবার মানকে বিশ্বমানের পর্যায়ে নিয়ে যাবে। সময়ের সাথে তাল মিলিয়ে আমাদের স্বাস্থ্যখাতকে আরও প্রযুক্তিনির্ভর ও মানবিক হতে হবে।” মেয়র আরও বলেন, “ক্যাম্পার চিকিৎসায় প্রারম্ভিক শনাক্তকরণ ও ব্যক্তিভিত্তিক থেরাপি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসপেরিয়ার এই পদক্ষেপ ক্যাম্পার রোগীদের জন্য আশার আলো হয়ে উঠবে। সিটি কর্পোরেশন স্বাস্থ্যসেবার মানোন্নয়নে এমন প্রচেষ্টায় সবসময় পাশে থাকবে।” এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডা. মোহাম্মদ জসীম উদ্দিন, প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য এস. এম. নসরুল কাদির। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম মেডিকেল কলেজের প্রাক্তন হেড অফ হেপাটোলজি প্রফেসর গোলাম রাক্বানী, হেড অফ নিউরোসার্জারি প্রফেসর সাইফুল আলম, থোরাসিক সার্জারি প্রফেসর জাহাঙ্গীর হোসেন ভূঁইয়া, হেড হেপাটোলজি ডাক্তার এ বি এম আদনান, হেড অফ অনকোলজি ডাক্তার সাজ্জাদ মোহাম্মদ এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের ডিসি (ক্রাইম অ্যান্ড অপারেশন) মো. রইস উদ্দিন। এতে কী-নোট স্পিকার হিসেবে বক্তব্য রাখেন আন্তর্জাতিকভাবে খ্যাত অনকোলজি বিশেষজ্ঞ প্রফেসর ডা. তারেক-আল-নাসির এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের অ্যাসোসিয়েট প্রফেসর ও ক্লিনিক্যাল অনকোলজিস্ট ডা. আলী আসগর চৌধুরী। অনুষ্ঠানে এসপেরিয়া হেলথ কেয়ার লিমিটেড-এর “ফেমিলি ক্যাম্পার সেন্টার”-এর উদ্বোধন ঘোষণা করা হয়, যেখানে চীফ জেনেটিক কাউন্সেলর হিসেবে দায়িত্ব পালন করবেন ডা. আলী আসগর চৌধুরী। এই সেন্টারের টিমে থাকছেন ডা. রাকিবুল হাসান, ডা. ফাহিমদা আলম, এবং ডা. ফজলে রাক্বী রিয়াদ।

এই কেন্দ্রের লক্ষ্য হলো ক্যাম্পার আক্রান্ত পরিবারের ঝুঁকিপূর্ণ সদস্যদের জেনেটিক পর্যায়ে শনাক্ত করা, আগাম প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য সঠিক চিকিৎসা নির্দেশনা প্রদান করা। সেমিনারে বক্তারা বলেন, ক্যাম্পার চিকিৎসায় এখন শুরু হয়েছে প্রেসিশন অনকোলজি এর যুগ যেখানে একই স্যাম্পল থেকে নির্দিষ্ট জিন মিউটেশন শনাক্ত করে নির্ভুল ও কার্যকর চিকিৎসা পরিকল্পনা করা সম্ভব। এসপেরিয়া হেলথ কেয়ার লিমিটেডের চেয়ারম্যান গোলাম বাকি মাসুদ বলেন, “চট্টগ্রামে ক্যাম্পার চিকিৎসাকে নতুন উচ্চতায় নিয়ে যেতে এসপেরিয়া দৃঢ়ভাবে কাজ করছে। আমরা চাই চিকিৎসকরা আমাদের এই আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে রোগীদের দ্রুত ও নির্ভুল সেবা দিতে পারেন।” বিশেষ অতিথি প্রফেসর ডা. মোহাম্মদ জসীম উদ্দিন বলেন, মলিকুলার অনকোলজির সংযোজন চিকিৎসাক্ষেত্রে বিপ্লব ঘটাবে। এটি চট্টগ্রামকে চিকিৎসা বিজ্ঞানের নতুন অধ্যায়ে নিয়ে যাবে। পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এসপেরিয়া হেলথ কেয়ার লিমিটেড এর পরিচালক জয়নব রুমা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের পরিচালক (ফিন্যান্স) জাহেদুল আলম, চিকিৎসক, গবেষক, গণমাধ্যম প্রতিনিধিবৃন্দ ও অন্যান্য অতিথিবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮